

**কোথায় গেল শৈশব**

আঁখি খুলে স্বপ্ন দেখে, রঙিন আশায় স্বপ্ন ভরা,
অবহেলা, ক্ষুধার জ্বালায় মরে এরা।
তবু দুর্গম গতিতে এগিয়ে চলেছে আজ,
ক্ষুদার জ্বালায় ক্ষুধাতুর শিশু করছে কাজ।
বাসন মাজা, টেবিল মোছা, জল তোলারই ফাঁদে
শৈশব আজ তাদের শুধুই নীরবে কাঁদে!
বিনা চিকিৎসায় বাপ মরতেই সংসারের ভার পরে বুকে,
এক টুকরো স্বপ্ন তার তখনই যায় চুকে।
তবুও তাদের জন্য ভাবেনা কেউ,
তাই তাদের মনে প্রশ্ন থাকে-
কবে আসবে তাদের জীবনে সুখের ঢেউ!

--- দেবজ্যোতি আচার্য্য